

১৫৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ইনোভেশন আইডিয়া ২০১৯-২০২০

উদ্যোগের শিরোনাম

ডেঙ্গু প্রতিরোধকল্পে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃদ্ধি রোধ

চিহ্নিত সমস্যা

ডেঙ্গু রোগের জীবাণুবহী এডিস মশার কামড়ে ঢাকা মহানগরীতে ডেঙ্গু রোগে উল্লেখযোগ্য সংখ্যক জনসাধারণ আক্রান্ত হয়ে থাকেন। অনেকে মৃত্যুবরণও করেন। সাম্প্রতিককালে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় জমে থাকা পানিতে এডিস মশার লার্ভার অস্তিত্ব পাওয়া গিয়েছে। এতে প্রকল্প সংশ্লিষ্ট জনবল ও পাশ্চবর্তী এলাকার জনসাধারণের মধ্যে ডেঙ্গু রোগ ছড়িয়ে পড়ার ঝুঁকি সৃষ্টি হয়েছে।

প্রস্তাবিত সমাধান

বদ্ধ পরিষ্কার পানি এডিস মশার প্রজনন স্থল হলেও এডিস মশা সরাসরি পানিতে ডিম পাড়ে না। পানির স্পর্শ থাকে এমন জায়গায় অর্থাৎ পানির পাত্রের গায়ের ভেজা অংশে অথবা পানিতে ভাসমান পাতায় এডিস মশা ডিম পাড়ে। এ ডিমগুলো শুকনা অবস্থায় দীর্ঘ সময় বেঁচে থাকতে পারে। পানির স্পর্শ পেলে ডিমগুলো ফুটে লার্ভা বাহির হয় এবং স্বচ্ছ পানিতে বৃদ্ধি লাভ করে পূর্ণ এডিস মশায় পরিণত হয়। এ প্রেক্ষাপটে বাস্তবায়নধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় যাতে পানি জমে থাকতে না পারে তা নিশ্চিত করা। কোন পরিস্থিতিতে কোথাও পানি জমে গেলে নিবিড় মনিটরিং এর মাধ্যমে স্থানসমূহ চিহ্নিত করে ৩(তিন) দিনের মধ্যে জমে থাকা পানি নিষ্কাশন/অপসারণ করা।

প্রস্তাবিত আইডিয়া বাস্তবায়নের জন্য গৃহীতব্য কার্যক্রম

১. বাস্তবায়নধীন রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এবং নির্মাণ সামগ্রীতে যাতে পানি জমতে না পারে তা নিশ্চিত করা;
২. কোন পরিস্থিতিতে কোথাও পানি জমে গেলে নিবিড় মনিটরিং এর মাধ্যমে স্থানসমূহ চিহ্নিত করে ৩(তিন) দিনের মধ্যে জমে থাকা পানি নিষ্কাশন/অপসারণ করা;
৩. পরিবীক্ষণ টিম গঠন করা এবং নিয়মিত পরিবীক্ষণ করা;
৪. এডিস মশার প্রজনন মৌসুমে প্রয়োজনবোধে নিবিড়ভাবে লার্ভিসাইডিং ও এডাল্টসাইডিং করা;
৫. প্রাকৃতিক পদ্ধতিতে এডিস মশার বংশ বিস্তার নিয়ন্ত্রণে ডেন ও স্থায়ী জলাশয়ে মশা খেকো মাছ যেমন: গাম্বু, দেশি টাকি ইত্যাদি ছেড়ে দেয়া;
৬. প্রয়োজনে কেরোসিন, ডিডিটি ইত্যাদি ছিটানো;
৭. জনসচেতনতামূলক লিফলেট, ব্যানার, পোস্টার ইত্যাদি প্রদর্শন ও বিতরণ করা; এবং
৮. সাপ্তাহিক সেফটি ড্রিল ও DMTCL-এর সভাসমূহে ডেঙ্গু রোগের প্রকোপ নিয়ে আলোচনা করে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহন করা।

আইডিয়ার পুনরাবৃত্তি

আইডিয়াটি DMTCL কর্তৃক বাস্তবায়নধীন/বাস্তবায়িতব্য প্রকল্পসমূহে এবং বাংলাদেশের অন্যান্য Fast Track প্রকল্পে Replicate করা যাবে।